
প্রথম আলো

AUG 2 4 2006




*ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে গতকাল থেকে দেশে প্রথমবারের মতো 'জাতীয় স্বাস্থ্য বিতর্ক' শীর্ষক বিতর্ক শুরু হয়* —প্রথম আলো

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে প্রথম জাতীয় স্বাস্থ্য-বিতর্ক

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে শুরু হয়েছে প্রথম জাতীয় স্বাস্থ্য-বিতর্ক। শিরোনাম দেখে মনেই হতে পারে স্বাস্থ্য-বিতর্ক আবার কেমন কথা? কথা তো আর স্বাস্থ্য নিয়ে নয়, কথায় কথায় বিতার্কিকেরা সবাই স্বাস্থ্যকে সকল সুখের উৎস মেনে নিয়ে বিতর্ককে টেনে নিয়ে গেলেন সুস্বাস্থ্যের জন্য ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের করণীয় ও নীতিনির্ধারণী বিষয়ের দিকে। আর এসব স্বাস্থ্যসংশ্লিষ্ট বিষয় নিয়ে বিতর্কের জন্য স্বাস্থ্য-বিতর্ক নাম নির্ধারণ করা হয়েছে বলে আয়োজকেরা জানালেন।

প্রথমবারের মতো এমন বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে যৌথভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ডিবেটিং ক্লাব, পিপলস হেলথ মুভমেন্ট, অ্যাকশন এইড বাংলাদেশ ও ক্রিয়েটিভ মিডিয়া। গতকাল বুধবার থেকে চার দিনব্যাপী এ প্রতিযোগিতা শুরু হয়েছে।

প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ এবং বিশেষ অতিথি হিসেবে দৈনিক সংবাদের নির্বাহী সম্পাদক মনজুরুল আহসান বুলবুল, পিপলস হেলথ মুভমেন্ট বাংলাদেশের চেয়ারম্যান মো. শফিউদ্দীন, অ্যাকশন এইড বাংলাদেশের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর শোয়েব সিদ্দিকী ও গণবিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. কাশেম চৌধুরী উপস্থিত ছিলেন। এতে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সালমা আখতার এবং অনুষ্ঠান পরিচালনা করেন ইনস্টিটিউটের ছাত্রী ইফফাত আরা পারভীন সোমা।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, স্বাস্থ্য যেমন মৌলিক অধিকার তেমনি একটি লাভজনক সেবা খাত। এই মৌলিক অধিকার সম্পর্কে জনগণকে সজাগ করার জন্য এ বিতর্ক প্রতিযোগিতা সহায়ক হবে। বিতর্কের মাধ্যমে সেবা খাতকে লাভজনকভাবে টিকিয়ে রেখেও কীভাবে মৌলিক অধিকার নিশ্চিত করা যায় তা বের হয়ে আসবে। তরুণ বিতার্কিকদের মতামত স্বাস্থ্য খাত নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা ও নীতিনির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

অন্য বক্তারা বলেন, স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির জন্য স্বাস্থ্যকেন্দ্রগুলোর উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির পাশাপাশি একটি জাতীয় দায়িত্ববোধ সৃষ্টি করা প্রয়োজন। স্বাস্থ্য নিয়ে বিতর্কের আয়োজন সচেতনতা সৃষ্টি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে 'নারী স্বাস্থ্য অধিকার: আবহ বার্তা' শীর্ষক মূকাভিনয় পরিবেশন করে নারীপক্ষ। চার দিনব্যাপী এ বিতর্ক প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে ৩০টি দল অংশ নিচ্ছে। বিতর্কের সব বিষয়ই স্বাস্থ্যসংশ্লিষ্ট। প্রথম দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এফ রহমান হল ও আমেরিকান ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের মধ্যে অনুষ্ঠিত বিতর্কের বিষয় ছিল সরকারি উদ্যোগ নয়, বরং বেসরকারি উদ্যোগই দুর্যোগকালীন স্বাস্থ্যসুবিধা নিশ্চিত করতে অধিক কার্যকর। একই দিনে ভিকারুননিসা নূন ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দলের বিতর্কের বিষয় ছিল স্বাস্থ্যের সামাজিক খাত উন্নয়ন উপেক্ষা অধিক রোগ-বালাইয়ের কারণ।